

তুই-ই কি আমি

তোর নামটা এমন সুন্দর করে কে রেখেছিল
তুই কি মনে করতে পারিস !
যেই রাখুক, পয়মস্ত নামটা একমাত্র
তোকে-ই মানায়, ঠিক যেমনটা তুই নিজেই ।
আয়নাতে যখন চোখ পাতিস,
তুই কি একটা সূর্যমুখী ফুল দেখিস
তোর নামটার মতোই মিষ্টি আর সুন্দর !
তোর ভিতর থেকে ঝিলিক দিয়ে ওঠে
অদ্ভুত যে আলো, ভালবাসা কি তার-ই নাম !
আচ্ছা বলতো, তুই-ই কি ভালবাসা,
তোকে দেখেই কি ভালবাসার সংজ্ঞা লিখেছে
মুঞ্চ কবির কলম ! হয়তো তাই, কে জানে ।

আমি তো তোর দুরন্ত চোখের আলোয়
খঞ্জনা পাখির নাচ দেখেই অস্থির,
কী করে বলবো তুই দেখতে কেমন,
তোর চুল ঠোঁট চিবুক থেকে শুরু করে
সর্বাঙ্গ কেমন পরিপূর্ণ, কেমন করে বলি !
সেতারের গুঞ্জন শুনি, সেটা যে নিত্যদিন
আমার মনের ভিতরেই বেজে যাচ্ছে ,
এইতো সেদিন জানলাম । জেনেই বা কী লাভ,
এই বাজনা কি কোনদিন শুনতে চাইবি তুই !
না কি বিলক্ষণ জানিস, তুই নিজেই
সেতারের গুঞ্জন হয়ে বেজে যাস সারাক্ষণ !
চোখের আড়াল হলেই, এই যে গুঞ্জন
এটাই তোকে ধরে রাখে আমার কাছে ,
বুকের গভীরে, যেখানে তিমির বলয়ে
ভালবাসার কলিরা ফুটেই থাকে নিরন্তর ।
কী করে বলি, ভালবাসার যে আজন্ম সাধ-
সে-ই কি তুই-ই, তুই-ই কি আমি !